
## যেভাবে নবায়নের জন্য আবেদন করবেন


নবায়নের ২টি পদ্ধতি রয়েছে, ১। আপনার প্রোফাইল ইতোমধ্যে যদি থেকে থাকে তাহলে আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে নবায়নের জন্য আবেদন করতে হবে ২। যদি আপনার প্রোফাইল খুঁজে না পান তবে নতুন করে প্রোফাইল তৈরী করতে হবে। নিচে ২টি ধাপ সম্পর্কে বিস্তারিত বর্ণনা করা হয়েছে:

## পদ্ধতি-১


প্রথমে আপনাকে PCB ওয়েবসাইট থেকে **Apply Now** বাটনে ক্লিক করতে হবে। এখানে ক্লিক করার পরে আপনার সামনে ৩টি বক্স আসবে, এখানে থেকে শেষটি বক্স এ ক্লিক করুন।





এখানে **আপনার প্রোফাইলে লগইন করুন** বাটনে ক্লিক করলে নিচের স্ক্রিনটি দেখতে পারবেন:




এবার এখানে আপনার গ্রেড ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সার্চ করুন। যদি আপনার প্রোফাইল থেকে থাকে তবে লগইন এর জন্য নিচের লিংক এ ক্লিক করুন: https://pcbapps.com.bd/login





**ধাপ-০১:** আপনার আইডি ও পাসওয়ার্ড দিয়ে ফার্মেসী কাউন্সিল এর পোর্টাল এ লগইন করুন। আপনি যখন মূল রেজিঃ এর জন্য আবেদন করেছিলেন তখন আপনাকে যে আইডি ও পাসওয়ার্ড আপনার মোবাইল ও ইমেইল এ পাঠনো হয়েছে সেটি দিয়ে লগইন করতে হবে। যদি পাসওয়ার্ড স্মরণ করতে না পারেন তবে আপনার মোবাইল নম্বর দিয়ে পাসওয়ার্ডটি রিসেট করে নিতে পারেন (পাসওয়ার্ড রিসেট অংশটি দেখুন)।





**পাসওয়ার্ড রিসেট:** পাসওয়ার্ড রিসেট করার জন্য **"Fogot Password"** লিংক এ ক্লিক করুন।





এখানে ক্লিক করলে আপনার সামনে নিচের অপশনটি  আসবে। এখানে আপনার মোবাইল নম্বরটি দিয়ে ভেরিফাই বাটন এ ক্লিক করুন।





ভেরিফাই বাটনে ক্লিক করলে আপনার নম্বরে একটি কোড যাবে।




ভেরিফিকেশন কোডটি দিয়ে সাবমিট বাটনে ক্লিক করুন





সাবমিট বাটনে ক্লিক করার পরে আপনার সামনে নতুন পাসওয়ার্ড প্রদানের অপশনটি আসবে।





এখানে নতুন পাসওয়ার্ড দিয়ে রিসেট করে আবার লগইন করুন।

**ধাপ-০২:** লগইন সম্পন্ন হওয়ার পরে আপনার নিজের প্রোফাইলটি দেখতে পারবেন





এখন থেকে ডানদিকে **"RENEW NOW"** বাটনটি দেখতে পারবেন। এই বাটনটি নবায়নের শেষ তারিখ থেকে তিন মাস আগে একটিভ হবে। এখানে ক্লিক করলে নিচের মতো পেমেন্ট এর অপশন আসবে:





**ধাপ-০৩:** **Pay now**

**Pay Now** বাটন এ ক্লিক করলে আপনাকে রিডাইরেক্ট করে পেমেন্ট গেটওয়ে তে নিয়ে যাবে। এখানে আপনি যেই মেথড এ পেমেন্ট করতে চান তা সিলেক্ট করে আপনার কার্ড এর ইনফরমেশন দিন।





**Cards:** এখানে কার্ড এর তথ্য দিয়ে **PAY** বাটন এ ক্লিক করুন। এবার আপনার মোবাইল/ ইমেইল এ একটি ভেরিফিকেশন কোড যাবে, সেই কোডটি দিয়ে আপনার পেমেন্ট কন্‌ফার্ম করুন।

**Mobile Banking:** এখান থেকে Mobile Banking নির্বাচন করুন। বিকাশ বাটনে ক্লিক করে পে বাটনে ক্লিক করলে বিকাশে পে করার জন্য নিচের স্ক্রিনটি আসবে। এখানে আপনার পেমেন্ট কন্‌ফার্ম করুন।





পেমেন্ট কন্‌ফার্ম হয়ে গেলে আপনাকে রিডাইরেক্ট করে পিসিবি পোর্টাল এ আপনার প্রোফাইলে নিয়ে আসবে। আপনার পেমেন্টটি সফল হলে সাথে সাথে আপনার ইমেইল **PCB** থেকে একটি কনফার্মেশন ইমেইল যাবে।


এভাবে পুরো প্রক্রিয়া সম্পূর্ণ করলে আপনার নবায়নের আবেদনটি কর্তৃপক্ষের নিকট জমা হবে। কর্তৃপক্ষ আপনার আবেদনটি যদি গ্রহণ করেন অথবা বাতিল করেন তবে আপনার নিকট একটি মেসেজ যাবে। মেসেজ এ আপনি বিস্তারিত জানতে পারবেন। এছাড়াও আপনি আপনার প্রোফাইল থেকে আবেদন এর অগ্রগতি দেখতে পারবেন।




# পদ্ধতি-২

১ নম্বর পদ্ধতি অনুসরণ করে আপনার আইডি খুঁজে না পেলে পদ্ধতি-২ এর বিস্তারিত দেখুন। আপনার প্রোফাইলটি খুঁজে না পেলে নিচের লিংক এ ক্লিক করে নতুন করে আবেদন করুন।




সনদ নবায়ন এর জন্য আপনার একাউন্টটি যাচাই করুন:

Select grade: * B. Pharm(A) Diploma in Pharmacy(B) Pharmacy Technician(C)


16040

অনুসন্ধান করুন

আপনার একাউন্টটি বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল এর পোর্টাল এ খুঁজে পাওয়া যায়নি। অনুগ্রহপূর্বক নতুন একাউন্ট এর জন্য আবেদন করুন। আবেদনের জন্য এখানে **ক্লিক করুন।**

CLOSE

এখানে **ক্লিক করুন** বাটনে ক্লিক করলে আপনি রেজিস্ট্রেশন এর জন্য নিচের উইন্ডোটি পাবেন এবং সেখানে প্রয়োজনীয় তথ্য দিয়ে রেজিস্ট্রেশন করুন। রেজিস্ট্রেশন এর পরে আপনার ইমেইল এ একটি ভেরিফিকেশন লিংক যাবে সেখানে ক্লিক করে রেজিস্ট্রেশন টি ভেরিফাই করুন এবং আপনার মোবাইলে আইডি ও পাসওয়ার্ড সহ একটি এসএমএস যাবে।


রেজিঃ সনদ নবায়ন এর জন্য আবেদন

আপনার স্নাতক ডিগ্রি নির্বাচন করুন: * B. Pharm(A) Diploma in Pharmacy(B) Pharmacy Technician(C)

First Name * (এসএসসি সনদ অনুযায়ী) Enter your first name

Last Name (এসএসসি সনদ অনুযায়ী) Enter your last name

Mobile * Eg: 01711000111


Email * Enter your email address

Portal Username* Enter this portal access username


Password * Enter this portal access password

REGISTER

লগইন অপশন থেকে আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।




লগইন এর পরে নিচের ফর্মটি পাবেন। এই ফর্মে মোট ৪টি সেকশন আছে প্রতিটি সেকশন এ প্রয়োজনীয় তথ্য পূরণ করে আপনার আবেদনটি সম্পূর্ণ করুন।




প্রথমে আপনাকে প্রোফাইলের প্রয়োজনীয় তথ্য দিতে হবে, এর পরে আপনাকে ঠিকানা দিতে হবে, তৃতীয় ধাপে প্রয়োজনীয় ডকুমেন্ট গুলো আপলোড করুন এবং সব শেষ ধাপে অনলাইন এর মাধ্যমে টাকা প্রদান করুন।

আপনার আবেদনটি সঠিক ভাবে সম্পূর্ণ হলে আপনার ইমেইল ও মোবাইল এ কনফার্মেশন মেসেজ যাবে। PCB কর্তৃপক্ষ আপনার আবেদনটি যখন চেক করবেন তখন আপনার মোবাইল এ এসএমএস পাবেন। আপনার আবেদনের স্টেটাস চেক করার জন্য PCB পোর্টাল এ আগের আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে ডান দিকের বক্স থেকে অগ্রগতি দেখে নিন।

যে কোনো সমস্যার সম্মুখীন হলে আমাদের সাথে লাইভ সাপোর্ট এ যোগাযোগ করুন:

https://pcbapps.com.bd/support

